



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ৭৮

তারিখ: ২৫/০১/২০১৫খ্রি.

বিষয় : বিজ্ঞান শাখা, যুক্তিবিদ্যা, ইসলাম শিক্ষা, সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ
বৃদ্ধিসহ স্বীকৃতি প্রদান


সূত্র : অত্র বোর্ডের কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৪/১২/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত শর্তে মুলাদী কলেজ, মুলাদী, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান (পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত এবং পরিসংখ্যান) শাখার পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/১৯৮৩ থেকে ৩০/০৬/১৯৮৭ পর্যন্ত বৃদ্ধি এবং স্বীকৃতি ০১/০৭/১৯৮৭ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, যুক্তিবিদ্যা বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/১৯৮৭ থেকে ৩০/০৬/১৯৯২ পর্যন্ত বৃদ্ধি এবং স্বীকৃতি ০১/০৭/১৯৯২ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, ইসলাম শিক্ষা বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/১৯৯৪ থেকে ৩০/০৬/১৯৯৫ পর্যন্ত বৃদ্ধি এবং স্বীকৃতি ০১/০৭/১৯৯৫ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/১৯৯৫ থেকে ৩০/০৬/২০০৬ পর্যন্ত বৃদ্ধি এবং স্বীকৃতি ০১/০৭/২০০৬ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। জরুরি ভিত্তিতে বাৎসরিক ক্লাস রকটিন দাখিল করতে হবে
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৯। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১০। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে


২৫-০১-২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com


অধ্যক্ষ

মুলাদী কলেজ

মুলাদী, বরিশাল

অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৫। পি এস টু চেয়ারম্যান, বশিবো
- ৬। সংরক্ষণ নথি


২০১৫